

23301 - শিশুর জানায়ার নামায

প্রশ্ন

শিশুকে কি গোসল দিতে হবে ও তার জানায়ার নামায পড়তে হবে; উল্লেখ্য শিশুটির বয়স আট বছর?

প্রিয় উত্তর

সর্বস্তরের আলেমদের মতে, শিশুর গোসল দিতে হবে এবং তার জানায়ার নামায পড়তে হবে। ইবনে কুদামা (রহঃ) বলেন: “কোন মতভেদ ছাড়া”। ইবনুল মুনয়ির এই মর্মে আলেমদের ইজমা বর্ণনা করেছেন যে, তার জানায়ার নামায পড়তে হবে। [আল-মুগনী (৩/৪৫৮)]

শিশুর জানায়ার নামায পড়ার সময় তার জন্য মাগফিরাত (ক্ষমা)-র দোয়া করা হবে না। তাই দোয়াতে বলা হবে না যে: ﴿أَغْفِرْ لَهُ﴾ (হে আল্লাহ! তাকে ক্ষমা করো।) যেহেতু শিশুর কোন পাপ লেখা হয়নি। বরঞ্চ শিশুর পিতামাতার জন্য মাগফিরাত ও রহমতের দোয়া করা হবে। যেহেতু এই মর্মে আবু দাউদ (৩১৮০) ও তিরমিয় (১০৩১) আল-মুগিরা বিন শুবা (রাঃ) এর সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেন: “শিশুর জানায়ার নামায পড়া হবে এবং তার পিতামাতার জন্য মাগফিরাত ও রহমতের দোয়া করা হবে।”[আলবানী আহকামুল জানায়িয় গ্রন্থে, পৃষ্ঠা-৭৩ হাদিসটিকে সহিত বলেছেন]

আল্লাহ'ই সর্বজ্ঞ। আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ'র রহমত ও শান্তি বর্ষিত হোক।